**একই স্মারক নম্বর ও তারিখে স্থলাভিষিক্ত হবে**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ডাক বিভাগ
ডাক অধিদপ্তর, ঢাকা-১০০০।

নথি নং-১৪.৩১.০০০০.০০৬.১১.০০১.১৮.১৩ তারিখ ঃ ২৬/০৫/২০১৯ খ্রিঃ।

# নিয়োগ বিজ্ঞপ্তি

বিষয় ঃ ডাক অধিদপ্তরের সহকারী নিয়ন্ত্রক (স্ট্যাম্পস) এর কার্যালয়, ডাক ভবন, ঢাকা অফিসের নিম্নবর্ণিত রাজস্বভূক্ত পদসমূহে অস্থায়ীভাবে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম ও বেতনস্কেল | শূণ্য পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|
| ১। | সহকারী পরিদর্শক<br>জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৩ তম গ্রেড<br>(১১০০০-২৬৫৯০) | ০২ | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমানের ডিগ্রী। | ক) মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, ফরিদপুর, কিশোরগঞ্জ, টাংগাইল, ময়মনসিংহ, জামালপুর, চাঁদপুর, রাংগামাটি, রাজশাহী, পাবনা, গাইবান্ধা, নীলফামারী, খুলনা, ভোলা, হবিগঞ্জ জেলার প্রার্থীগণ ব্যতীত অন্য সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br>খ) সকল জেলার এতিম ও শারিরিক প্রতিবন্ধী কোটার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২। | উচ্চমান সহকারী<br>জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৪ তম গ্রেড<br>(১০২০০-২৪৬৮০) | ০৪ | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমানের ডিগ্রী। | |
| ৩। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৬ তম গ্রেড<br>(৯৩০০-২২৪৯০) | ০১ | ক) যে কোন স্বীকৃত বোর্ড হতে এইচএসসি/সমমানের ডিগ্রী।<br>খ) কম্পিউটার মুদ্রাক্ষরিক গতি বাংলায় প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ ও ইংরেজিতে প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। | |
| ৪। | কাউন্টার<br>জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৮ তম গ্রেড<br>(৮৮০০-২১৩১০) | ০১ | যে কোন স্বীকৃত বোর্ড হতে এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ক) ঢাকা, নারায়নগঞ্জ, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, জামালপুর, চাঁদপুর, নোয়াখালী, ভোলা জেলার প্রার্থীগণ ব্যতীত অন্য সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br>খ) সকল জেলার এতিম ও শারিরীক প্রতিবন্ধী কোটার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৫। | প্যাকার<br>জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৯ তম গ্রেড<br>(৮৫০০-২০৫৭০) | ০২ | ক) যে কোন স্বীকৃত বোর্ড হতে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। | |
| ৬। | আর্মড গার্ড<br>জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৯ তম গ্রেড<br>(৮৫০০-২০৫৭০) | ০৩ | ক) যে কোন স্বীকৃত বোর্ড হতে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) অস্ত্র চালনায় প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে। | |
| ৭। | অফিস সহায়ক<br>জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ২০ তম গ্রেড<br>(৮২৫০-২০০১০) | ০১ | যে কোন স্বীকৃত বোর্ড হতে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৮। | কুলি<br>জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ২০ তম গ্রেড<br>(৮২৫০-২০০১০) | ০১ | ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট/সমমান পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। | |

চলমান পাতা-২

নিম্নবর্ণিত শর্তগুলো আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়ঃ

১। ২৮/০৫/২০১৯খ্রিঃ তারিখ প্রর্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং প্রতিবন্দীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্রকন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিড গ্রহণযোগ্য হবে না।

২। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীগণের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদের সঠিকতা যাচাইয়ের জন্য নিম্নোক্ত তথ্য প্রদান করতে হবে।

| ক্রমিক নং | মুক্তিযোদ্ধার নাম | পিতার নাম | উপজেলা জেলার নাম | জন্ম তারিখ | মুক্তি বার্তা নম্বর, গেজেট নম্বর ও তারিখ | সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|

৩। সরকারি, আধাসরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষ্যের মাধ্যমে আবেদন করতে হবে;

৪। সকল ক্রমিকের প্রার্থীদের ক্ষেত্রে বাংলা, ইংরেজী, গণিত ও সাধারণ জ্ঞান বিষয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন;

৫। ৩নং ক্রমিকের প্রার্থীদের ক্ষেত্রে বাংলা, ইংরেজী, গণিত ও সাধারণ জ্ঞান বিষয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষায় এবং প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার মুদ্রাক্ষরিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।

৬। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

৭। পরীক্ষার ফি এবং অনলাইন ফি বাবদ ১-৩ ক্রমিকে পদের জন্য ১১২/-(একশত বার) টাকা এবং ৪-৮ নং ক্রমিকের জন্য ৫৬/- (ছাপ্পান্ন) টাকা http://bdpost.teletalk.com.bd ওয়েবসাইট অনুসরণে প্রদান করতে হবে। পরীক্ষা ফি প্রদানের পর দাখিলকৃত আবেদন আর সংশোধন/এডিট করা যাবে না;

৮। পরীক্ষার তারিখ, সময় ও স্থান যথাসময়ে পরীক্ষার্থীকে SMS এর মাধ্যমে অবহিত করা হবে। SMS প্রাপ্তির পর প্রার্থীকে নিজ উদ্যোগে প্রবেশ পত্র Download করে নিতে হবে।

৯। পরীক্ষা সংক্রান্ত তথ্য পাওয়ার জন্য আবেদনে উল্লিখিত মোবাইল নম্বর সবসময় সক্রিয় রাখতে হবে। মোবাইল নম্বর সক্রিয় না রাখার কারণে কোন তথ্য বা SMS পেতে ব্যর্থ হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১০। এ নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন(যদি থাকে) পরীক্ষার সময়, স্থান ইত্যাদি সম্পর্কিত তথ্যাদি ডাক বিভাগের ওয়েবসাইটে www.bdpost.gov.bd এ পাওয়া যাবে।

১১। আবেদন করতে ইচ্ছুক প্রার্থীগণ http://bdpost.teletalk.com.bd ওয়েবসাইটে নির্ধারিত নিয়মে নির্দিষ্ট ফরমে ২৮/০৫/২০১৯ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ টা হতে ২৭/০৬/২০১৯ খ্রিঃ তারিখ বিকাল ০৫.০০ টা পর্যন্ত আবেদন ফরম পূরণ করতে পারবেন।

১২। প্রার্থী'র যোগ্যতা যাচাইঃ

(ক) **প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থী'র প্রার্থীতা আবেদনের যে কোন পর্যায়ে বাতিল করা যাবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।** মৌখিক পরীক্ষার সময় সকল প্রকার সনদের মূলকপি প্রদর্শন করতে হবে এবং সনদসমূহের ফটোকপি জমা দিতে হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থী'র প্রার্থীতা সরাসরি বাতিল করা হবে।

(খ) জেলার স্থায়ী বাসিন্দা প্রমাণের সনদ হিসাবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে। বিশেষ কোটার প্রার্থীদেরকে বিশেষ কোটার সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

(গ) যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যাক্তিকে বিয়ে করেন বা করার প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদালী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকার বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে অপসারণ/বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

(ঘ) বর্ণিত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ কোটাপদ্ধতি অনুসরণ করা হবে।

১৩। বিবিধঃ

(ক) ডাক বিভাগের ওয়েবসাইটে www.bdpost.gov.bd এ নিয়োগের যাবতীয় তথ্যাদি সময় সময় হালনাগাদ করা হবে।

(খ) নিয়োগ পরীক্ষা ও নিবন্ধন সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(গ) এই নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে পরিবর্তন/পরিবর্ধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৪। <u>অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী</u>

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://bdpost.teletalk.com.bd এই ওয়েব সাইটে আবেদন পত্র পূরণ করবেন। আবেদনের সময় সীমা নিম্নরূপঃ

(i) Online-এ আবেদন পত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ২৮/০৫/২০১৯ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ টা।

(ii) Online-এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়ঃ ২৭/০৬/২০১৯ খ্রিঃ তারিখ বিকাল ০৫.০০ টা।

চলমান পাতা-৩

উক্ত সময় সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS-এ পরীক্ষার ফি জমা দিবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিণ ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ 100 KB ও স্বাক্ষরের সাইজ 60 KB এর মধ্যে হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নিভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre paid Mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে আবেদন ফি বাবদ ১ থেকে ৩ নং পদের জন্য ১০০/-(একশত) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ ১২/-(বার) টাকাসহ মোট ১১২/-(একশত বার) টাকা এবং ৪ থেকে ৮ নং পদের জন্য ৫০/-(পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬/-(ছয়) টাকাসহ মোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online -এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: BDPOST<Space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: BDPOST ABCDEF
Reply Applicant's Name, TK.112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To Pay fee Type BDPOST<Space>Yes<Space> PIN and send to 16222
দ্বিতীয় SMS: BDPOST<Space>Yes<Space> PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: BDPOST Yes 12345678
Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for BDPOST. Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bdpost.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থী প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নাম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে BDPOST<Space>Help<Space>User<Space> User ID and Send to 16222. Example: BDPOST Help User ABCDEF

(ii) PIN Number জানা থাকলে BDPOST<Space>Help<Space>PIN<Space> PIN Number and Send to 16222. Example: BDPOST Help PIN 12345678.

(ঝ) Online-এ আবেদন এর ক্ষেত্রে কোনো সমস্যা পরিলক্ষিত হলে vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

২৮/৭/২২

(এস.এম শাহাব উদ্দীন)
পরিচালক (কর্মী ও সংস্থাপন)
ডাক অধিদপ্তর, ঢাকা
ও
সদস্য সচিব, নিয়োগ কমিটি।